গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০৪২.২৬-৪৭৯

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

জনাব মোঃ রায়হান হাবিব, সাবেক সাব-রেজিস্ট্রার, সীতাকুন্ড, চট্টগ্রাম (বর্তমানে সাব-রেজিস্ট্রার, ভূয়াপুর, টাঙ্গাইল)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ)-এ বর্ণিত 'অসদাচরণ'-এর সংজ্ঞাভূক্ত; বিধি ৩ (খ)-এ বর্ণিত 'অসদাচরণ' ও ৩ (ঘ)-এ বর্ণিত 'দুর্নীতি পরায়ণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার অধীন শাস্তিযোগ্য অপরাধের অভিযোগে বিভাগীয় মামলা নং- ০৬/২০২৬ রুজু হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ (১) ও সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯ (১) অনুযায়ী আনীত অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় এর সুষ্ঠু তদন্ত ও নিষ্পত্তির স্বার্থে এ বিভাগীয় মামলা চলাকালীন তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি নিবন্ধন অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) সহ অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(লিয়াকত আলী মোল্লা)
সচিব
আইন ও বিচার বিভাগ

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০৪২.২৬-৪৭৯/১(১০)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা
০২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ
০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
০৬। জেলা রেজিস্ট্রার, চট্টগ্রাম
০৭। জেলা রেজিস্ট্রার, টাঙ্গাইল
০৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
০৯। জনাব মোঃ রায়হান হাবিব, সংযুক্ত কর্মকর্তা (সাব-রেজিস্ট্রার), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা
১০। অফিস কপি/গার্ড ফাইল

10.11.26
(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব